

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৫২
সোনামুড়া, ২ ফেব্রুয়ারি, ২০২৪

মানবাধিকার রক্ষায় কাঁঠালিয়ায় একদিনের সচেতনতামূলক আলোচনাচক্র

কাঁঠালিয়া ঝাকের বাঁশপুকুরস্থিত ডায়েট কলেজের কনফারেন্স হলে গতকাল ‘মানবাধিকার সুরক্ষায় সমাজ ও রাষ্ট্রের দায়িত্ব এবং কর্তব্য’ বিষয়ক একদিনের সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। মেলাঘরের পূর্ব চন্দ্রিগড়স্থিত ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার উদ্যোগে এবং ত্রিপুরা মানবাধিকার কমিশনের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুষ্প ভৌমিক দেবনাথ।

বক্তব্য রাখতে গিয়ে কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস ত্রিপুরা মানবাধিকার কমিশনের কাজকর্মের কথা তুলে ধরেন। রাজ্যের সমস্ত স্তরের জনগণ প্রয়োজন হলে যাতে এই কমিশনের মাধ্যমে তাদের অধিকার আদায় করতে পারেন সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া মানবাধিকার কমিশন কিভাবে জনগণকে সুশাসন উপহার দিতে পারে এবং জনগণ কিভাবে কমিশনের কাছ থেকে আইনের শাসন পেতে পারেন সে বিষয়ে আলোকপাত করেন কমিশনের সদস্য সুবীর চন্দ্র সাহা ও বিমল কান্তি রায় এবং কমিশনের সচিব রতন বিশ্বাস। আলোচনাচক্রে মানবাধিকার কমিশনের আইনের বিভিন্ন ধারা নিয়ে আলোচনা করেন কমিশনের ও এস ডি অনিমেষ ধর। অন্যান্যদের মধ্যে আলোচনা করেন সিপাহীজলা জিলা পরিষদের সদস্য রতন চন্দ্র দাস এবং সোনামুড়া মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস। স্বাগত বক্তব্য রাখেন মেলাঘরের ত্রিপুরা দুঃসাহসিক সামাজিক অভিযান সংস্থার সচিব লিটন শীল। এই সচেতনতামূলক অনুষ্ঠানে কাঁঠালিয়া ঝাকের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, আশাকর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী, বিভিন্ন স্ব-সহায়ক দলের সদস্যাগণ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
